

ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) ও কভারঅল পরিধানের ধাপসমূহ

১. ব্যক্তিগত ব্যবহারের জিনিস যেমন ঘড়ি, কলম, মোবাইল ফোন, কানের রিং, গলার চেইন, আংটিসহ অলঙ্কার ইত্যাদি খুলে রাখুন।



২. চেঞ্জিং রুমে স্ক্রাব সুট (scrub suit) ও রাবারের বুট^১ পরুন।




৩. পিপিই পরিধানের নির্ধারিত কক্ষে যান।


৪. নিজের সাইজ অনুসারে সঠিক মাপের পিপিই সেট বাছাই ও গুণগতমান পরখ করে নিন।

৫. একজন প্রশিক্ষণপ্রাপ্ত পর্যবেক্ষকের (সহকর্মী) নির্দেশনা ও তত্ত্বাবধানে পিপিই পরিধান করুন।


৬. হাত ধোয়ার স্বাস্থ্য বিধি (hand hygiene) পালন করুন



৭. দুই হাতে গ্লভস্ পরুন। (নাইট্রাইল-nitrile গ্লভস্)




৮. কভারঅল (coverall) পরুন।




৯. মুখের মাস্ক পরিধান করুন।



১০. মুখের বন্ধনী (face shield) অথবা গগলজ্ (goggles) পরিধান করুন।




১১. মাথা ও ঘাড়ের আচ্ছাদন (surgical bonnet) পরিধান করুন যা ঘাড় ও মাথার দুইপাশ ঢেকে দেয় (মুখবন্ধনীর সাথে) অথবা হুড (hood) ব্যবহার করুন।



১২. পানি নিরোধী একবার ব্যবহারযোগ্য এ্যপ্রোন পরিধান করুন। (যদি পাওয়া না যায় সে ক্ষেত্রে হেভিডিউটি পুনঃব্যবহারযোগ্য পানি নিরোধী এ্যপ্রোন ব্যবহার করুন)



১৩. হাতের কজি পর্যন্ত দ্বিতীয় জোড়া গ্লভস্ (লম্বা হবে)^২ পরুন।



^১ যদি বুট না থাকে তাহলে বন্ধ জুতা পানি নিরোধী সুকাভারসহ পরিধান করুন (জুতাটি যেন পায়ের গোড়ালি পর্যন্ত সম্পূর্ণ ঢেকে যায়)।

^২ গ্লভস্ কখনো আঠালো টেপ দিয়ে আটকাবেন না। যদি কভারঅলের হাত বা গ্লভস্ লম্বা না হয় সে ক্ষেত্রে হাতের বৃদ্ধাঙ্গুলী অথবা মধ্যমা বরাবর কভারঅলে ছিদ্র করে কভারলটিকে হাতের কজির সাথে আটকিয়ে রাখতে হবে, যাতে হাত নড়াচড়ার সময় কভারঅল সরে গিয়ে হাত উন্মুক্ত না হয়। কিছু কিছু কভারঅলে এইধরনের ছিদ্র হাতের মধ্যে দেওয়া থাকে।

